



ভোটে অনিয়মের অভিযোগে কঠোর অবস্থান চরমোনাই পীরের



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে ইলেকশন মেকানিজম নিয়ে ওঠা অভিযোগকে ‘কলঙ্কের দাগ’ বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম।

শনিবার (২১ ফেব্রুয়ারি) রাজধানীর রামপুরায় জামিয়া কারিমিয়া অডিটোরিয়ামে দলের আয়োজিত নির্বাচন-পরবর্তী পর্যালোচনা সভায় তিনি এ কথা বলেন।

তিনি দাবি করেন, টানা তিনটি জাতীয় নির্বাচনে অনিয়ম ও জালিয়াতির অভিযোগ থেকেই স্বৈরাচারবিরোধী আন্দোলনের জন্ম হয়েছিল, যার পরিণতিতে ব্যাপক ত্যাগের মাধ্যমে শাসনব্যবস্থার পরিবর্তন আসে। সেই প্রেক্ষাপটে জনগণ স্বচ্ছ নির্বাচনী পরিবেশ প্রত্যাশা করেছিল বলে উল্লেখ করেন তিনি।

তবে ১২ ফেব্রুয়ারির ভোট ঘিরে বিভিন্ন কেন্দ্র থেকে অসংখ্য অভিযোগ এসেছে জানিয়ে তিনি বলেন, অনেক স্থানে এজেন্টদের বের করে দেওয়া, ভোটারদের ভয়ভীতি প্রদর্শন এবং গণনায় অসঙ্গতির মতো ঘটনা ঘটেছে বলে প্রার্থীদের কাছ থেকে অভিযোগ পাওয়া গেছে। এত ত্যাগের পরও অনিয়মের পুনরাবৃত্তি জাতিকে হতাশ করেছে বলেও মন্তব্য করেন তিনি।

নির্বাচন কমিশনের প্রতি সব অভিযোগ নিরপেক্ষভাবে তদন্ত করে প্রমাণ মিললে আইনগত ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান তিনি।

সভায় হাতপাখা প্রতীক নিয়ে নির্বাচনে অংশ নেওয়া প্রার্থীরা ছাড়াও বিভিন্ন জেলা শাখার সভাপতি ও সাধারণ সম্পাদকরা উপস্থিত ছিলেন।